

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পানি সরবরাহ-৩ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নম্বর: ৪৬.০৮৪.০৩০.০০.০০.০০১.২০১১.৩০

তারিখ: ৫ ফাল্গুন ১৪২৫

১৭ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: রাজশাহী ওয়াসায় দৈনিক মজুরীভিত্তিক কর্মরত পদগুলি রাজশাহী ওয়াসার রাজস্ব খাতে স্থানান্তর সংক্রান্ত।

সূত্র: রাজশাহী ওয়াসার স্মারক নং-৪৬.১৬.৮১০০.০০১.০০.২২৯.১৯-৪২, তারিখ-১৭/০১/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী ওয়াসার দৈনিক মজুরীভিত্তিক কর্মরত ২০৭ জন কর্মচারী রাজশাহী ওয়াসার রাজস্ব খাতে স্থানান্তর কার্যক্রম গ্রহণে নিম্নোক্ত তথ্যাদিসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো:

- (ক) তৎকালীন রাজশাহী সিটি কর্পোরেশন হতে আগত কর্মচারীগণের সংখ্যা কত? তাদের ঐ সময়ে কোন কোন পদে নিয়োগপত্র দেয়া হয়েছিলো?
- (খ) রাজশাহী সিটি কর্পোরেশন হতে রাজশাহী ওয়াসায় স্থানান্তরিত হওয়ার পর কোন কোন পদে জনবল নিয়োগ দেয়া হয়েছিলো? তাদের নিয়োগপত্র। বর্তমানে কর্মচারীদের বেতন কিভাবে পরিশোধ করা হচ্ছে?
- (গ) রাজশাহী ওয়াসার রাজস্ব খাত হতে বেতন পরিশোধ করার পর্যাপ্ত বাজেট বরাদ্দ আছে কিনা?
- (ঘ) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে প্রস্তাবিত পদসমূহের অত্যাৱশ্যকতা যাচাই করা হয়েছিলো কিনা?
- (ঙ) মন্ত্রিপরিষদ বিভাগের ২৪/০৬/২০০৪ তারিখের ১২০নং স্মারকে পত্র জারির পূর্বে কত জনকে নিয়োগ করা হয়েছিলো?
- (চ) প্রস্তাবিত কর্মচারীদের পদসমূহ রাজস্ব খাতে স্থানান্তরের বিষয়ে রাজশাহী ওয়াসা বোর্ড সভার সুপারিশ আছে কিনা?

১৮-২-২০১৯

মোহাম্মদ সামছুল হক
উপসচিব

ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী পানি সরবরাহ ও
পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

স্মারক নম্বর: ৪৬.০৮৪.০৩০.০০.০০.০০১.২০১১.৩০/১

তারিখ: ৫ ফাল্গুন ১৪২৫

১৭ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) অতিরিক্ত সচিব (পাস) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সংশ্লিষ্ট নথি।



১৮-২-২০১৯

মোহাম্মদ সামছুল হক
উপসচিব